



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা



...

সভাপতি	মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	২৬ সেপ্টেম্বর ২০২২
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকায়
স্থান	সম্মেলন কক্ষ (চতুর্থ তলা), জিএসবি
উপস্থিতি	সংযুক্তি

আলোচনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর টিমের সকল সদস্যের সাথে মতবিনিময় পূর্বক সভার কার্যপরিধি অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটির কাজের অগ্রগতি নিয়ে আলোচনা শুরু হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটির সভাপতি জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) ২০২২-২০২৩ অর্থ বছরের শুরু থেকে এ পর্যন্ত অগ্রগতি সভায় উপস্থাপন করেন। প্রথম ত্রৈমাসিক লক্ষ্যমাত্রার মধ্যে লক্ষ্যমাত্রা ১.১ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন বিষয়ে পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাকে অবহিত করা হয়েছে। পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা হতে ইতোমধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে আদেশ জারি করা হয়েছে। পরবর্তীতেও পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা হতে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। তিনি সবাইকে অবহতি করেন যে, জিএসবি'র আওতাধীন কোন দপ্তর নেই কিন্তু কর্মপরিকল্পনার ১.৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করতে হবে। বিষয়টি তিনি পূর্ববর্তী সপ্তাহে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সভায় উপস্থাপন করায় জিএসবি'র বিভিন্ন শাখার সাথে আলোচনার পরামর্শ প্রদান করা হয়েছে। বিষয়টির গুরুত্ব অনুধাবন করে মনিটরিং কমিটি জরুরী ভিত্তিতে নূন্যতম ০৩ (তিন) টি শাখার সাথে আলোচনা সভা আয়োজনের পরামর্শ প্রদান করে। লক্ষ্যমাত্রার ১.৪ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ বিষয়ে উপমহাপরিচালক (ভূতত্ত্ব), সকল শাখা প্রধান ও প্রকল্প প্রধান সমন্বয়ে কর্মশালার আয়োজন করা হয়েছে। সকলের পরামর্শের ভিত্তিতে জিএসবি'র সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হচ্ছে। মনিটরিং কমিটি দ্রুততম সময়ের মধ্যে হালনাগাদ কাজ সম্পন্ন করে জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করার জন্য পরামর্শ প্রদান করে। লক্ষ্যমাত্রার ২.১ অনুযায়ী ইতোমধ্যে ০২টি কর্মশালা ও ০১টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। সকল কার্যক্রমের প্রমাণক সংরক্ষণ ও জিএসবি'র ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন।

সিদ্ধান্তঃ

- ১। ২০২২-২০২৩ অর্থ বছরে প্রথম কোয়ার্টারের লক্ষ্যমাত্রাসমূহ ৩০ সেপ্টেম্বরের মধ্যে সম্পন্ন করে প্রমাণকসহ জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- ২। লক্ষ্যমাত্রার ১.৩ বিষয়ে নূন্যতম ০৩ (তিন) টি শাখার সাথে আলোচনা সভা ৩০শে সেপ্টেম্বরের মধ্যে সম্পন্ন করতে হবে।
- ৩। সকল কার্যক্রমের প্রমাণকসমূহ যথাসময়ে জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করতে হবে।



মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী  
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.১১

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯

২৯ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (ভূতত্ত্ব), ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-১, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক (রসায়ন)-৩, বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



শাহিদা আক্তার  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২